

বিসিএস সাধারণ শিক্ষা সমিতি

সরকারের আত্মীকরণ বিধি '৯৭'র
ফলে শিক্ষার মান দ্রুত
নেমে যাচ্ছে

স্টাফ রিপোর্টার : বিসিএস সাধারণ শিক্ষা সমিতি সরকারের আত্মীকরণ বিধি '৯৭'র ফলে শিক্ষার মান দ্রুত নিম্নগামী হচ্ছে বলে অভিযোগ করেছে। সোমবার জাতীয় প্রেসক্লাবে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে সমিতির নেতৃবৃন্দ বলেন, বেসরকারী কলেজকে সরকারীকরণের মাধ্যমে কলেজ পর্যায়ে শিক্ষার মান দ্রুত নিম্নমুখী করা হচ্ছে। দ্বিতীয় বা তৃতীয় ক্যাটাগরির কলেজকে সরকারী করে তার শিক্ষকগণকে আত্মীকরণের নামে সরকারী কলেজের শিক্ষক বানানো হচ্ছে এবং বদলির মাধ্যমে প্রথম ক্যাটাগরির কলেজে নিয়োগ দেয়া হচ্ছে। সেখানে তাঁরা পাঠ দানে অযোগ্য।

অন্যদিকে উচ্চমানসম্পন্ন শিক্ষকগণকে পদোন্নতি হতে বঞ্চিত করে বা তৃতীয় ক্যাটাগরির কলেজে বদলি করে হতাশ করা হচ্ছে। সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন সমিতির মহাসচিব মোঃ কফিল উদ্দিন।

সাংবাদিক সম্মেলনে শিক্ষার মতো অতি গুরুত্বপূর্ণ ও বৃহত্তর ক্যাডারকে বিষয়টির হাত হতে রক্ষার জন্য আত্মীকরণ বিধি '৯৭' প্রণয়ন ও বাস্তবায়ন প্রক্রিয়া বন্ধ রাখার জন্য সরকারের প্রতি অনুরোধ জানান।